# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৬০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৬]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ মুহাদ্দিছের নিকট হাদীছ পাঠ করা এবং পেশ করা

باب مَا جَاءَ فِي الْعِلْمِ

আরবী

৬০ـ عَنْ أَبِي وَاقِدٍ اللَّيْثِيِّ :أَنَّ رَسُولَ اللَّهِ بَيْنَمَا هُوَ جَالِسٌ فِي الْمَسْجِدِ وَالنَّاسُ مَعَهُ إِذْ أَقْبَلَ ثَلاثَةُ نَفَرٍ، فَأَقْبَلَ اثْنَانِ إِلَى رَسُولِ اللَّهِ وَذَهَبَ وَاحِدٌ، قَالَ: فَوَقَفَا عَلَى رَسُولِ اللَّهِ ،فَأَمَّا أَحَدُهُمَا فَرَأَى فُرْجَةً فِي الْحَلْقَةِ فَجَلَسَ فِيهَا، وَأَمَّا الآخَرُ فَجَلَسَ خَلْفَهُمْ، وَأَمَّا الثَّالِثُ فَأَدْبَرَ ذَاهِبًا، فَلَمَّا فَرَغَ رَسُولُ اللَّهِ قَالَ أَلا أُخْبِرُكُمْ عَنِ النَّفَرِ الثَّلاثَةِ أَمَّا أَحَدُهُمْ فَأَوَى إِلَى اللَّهِ، فَآوَاهُ اللَّهُ وَأَمَّا الآخَرُ فَاسْتَحْيَا، فَاسْتَحْيَا اللَّهُ مِنْهُ، وَأَمَّا الآخَرُ فَأَعْرَضَ، فَأَعْرَضَ اللَّهُ عَنْهُ. (بخارى:৬৬)

বাংলা

৬০) আবু ওয়াকেদ আল-লাইছী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মানুষের সাথে মসজিদে বসা ছিলেন। এমন সময় তিনজন লোক আগমণ করল। তাদের দু’জন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকটবর্তী হল এবং একজন চলে গেল। যে দু’জন নিকটবর্তী হয়েছিল তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে দাঁড়িয়ে থাকল। তাদের একজন মজলিসের ভিতরে একটু খালি জায়গা পেয়ে তথায় বসে পড়ল। অন্যজন মজলিসের শেষ প্রান্তে বসে পড়ল। তৃতীয় ব্যক্তি মজলিস ছেড়ে অন্যত্র চলে গেল। কথা-বার্তা সমাপ্ত করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ আমি কি তোমাদেরকে তিন ব্যক্তির অবস্থা সম্পর্কে সংবাদ দিব না? তাদের একজন আল্লাহর নিকট আশ্রয় নিয়েছে। আল্লাহও তাঁকে আশ্রয় দিয়েছেন। দ্বিতীয় ব্যক্তি ভিড়ের কারণে আল্লাহর নিকটবর্তী হতে লজ্জাবোধ করেছে। আল্লাহও তার থেকে লজ্জাবোধ করেছেন। আর তৃতীয় ব্যক্তি মুখ ফিরিয়ে নিয়েছে। আল্লাহও তার প্রতি অসন্তুষ্ট হয়ে মুখ ফিরিয়ে নিয়েছেন।

## English

What is said about knowledge

Narrated Abu Waqid Al-Laithi:

While Allah's Messenger (ﷺ) was sitting in the mosque with some people, three men came. Two of them came in front of Allah's Messenger (ﷺ) and the third one went away. The two persons kept on standing before Allah's Messenger (ﷺ) for a while and then one of them found a place in the circle and sat there while the other sat behind the gathering, and the third one went away. When Allah's Messenger (ﷺ) finished his preaching, he said, "Shall I tell you about these three persons? One of them betook himself to Allah, so Allah took him into His grace and mercy and accommodated him, the second felt shy from Allah, so Allah sheltered Him in His mercy (and did not punish him), while the third turned his face from Allah and went away, so Allah turned His face from him likewise. "

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৬৬
ইসলামিক সেন্টারঃ ৬৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ ওয়াকিদ আল-লায়সী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88755

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন